

# 🗏 আন-নাস | An-Nas | ٱلنَّاس

আয়াতঃ ১১৪ : ৩

## 💵 আরবি মূল আয়াত:



### 

মানুষের ইলাহ-এর কাছে, — আল-বায়ান

মানুষের প্রকৃত ইলাহর, — তাইসিরুল

যিনি মানবমন্ডলীর উপাস্য। — মুজিবুর রহমান

The God of mankind, — Sahih International

#### ৩. মানুষের ইলাহের কাছে(১),

(১) এখানে রব্ব্, মালিক এবং ইলাহ এ তিনটি গুণের অধিকারীর নিকট আশ্রয় চাওয়া হয়েছে। আল্লাহ রব, মালিক বা অধিপতি, মা'বুদ সবই। সব কিছুই তাঁর সৃষ্টি, তার মালিকানাধীন, তাঁর বান্দা। তাই আশ্রয়প্রার্থনকারীকে এ তিনটি গুণে গুণান্বিত মহান আল্লাহর নিকট আশ্রয় চাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### ৩। যিনি মানুষের উপাস্য। [1]

[1] যিনি সমগ্র বিশ্বের পালনকর্তা এবং যাঁর হাতে সারা দুনিয়ার বাদশাহী, তিনিই হলেন সর্বপ্রকার ইবাদত ও উপাসনা পাওয়ার যোগ্য এবং তিনিই সমস্ত মানুষের একক মাবূদ (উপাস্য)। সুতরাং আমি সেই সুমহান ও সুউচ্চ সন্তার নিকট আশ্রয় প্রার্থনা করছি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6233

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন